তারিখ 22 MAR 2009
পৃষ্ঠা ২৬ কলাম ৮

যায়যায়দিন

# শিগগির আরো কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয় হচ্ছে

যাযাদি রিপোর্ট

অচিরেই আরো নতুন কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হচ্ছে। বরিশাল, পার্বত্য চট্টগ্রাম, বৃহত্তর ফরিদপুর ও বগুড়ায় এ বিশ্ববিদ্যালয়গুলো করা হবে। এছাড়া রাজধানীর কলেজ অফ টেক্সটাইল অ্যান্ড ইঞ্জিনিয়ারিংকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হবে বলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) সূত্রে জানা গেছে।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম যায়যায়দিনকে বলেন, পার্বত্য চট্টগ্রাম, বগুড়া ও বৃহত্তর ফরিদপুর অঞ্চলে এখনো সরকারি বা বেসরকারি পর্যায়ে কোনো বিশ্ববিদ্যালয় গড়ে উঠেনি। উচ্চশিক্ষার জন্য প্রণীত কৌশলপত্রে ইউজিসি ২০২৬ সালের মধ্যে [illegible] ২৮টি [illegible] প্রস্তাব করেছে। তার ধারাবাহিকতায় বরিশাল, পার্বত্য চট্টগ্রাম ও বৃহত্তর ফরিদপুরে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং কলেজ অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হবে বলে তিনি জানান।

দেশের সর্বশেষ পাবলিক বিশ্ববিদ্যালয় রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় চলতি ২০০৮-০৯ শিক্ষাবর্ষে যাত্রা শুরু করেছে। চলতি মাসের ২৮ মার্চ এ বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হচ্ছে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।